

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
www.niyd.gov.bd



স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৪৫.১০৫.২১(অংশ-১)-১৫০৩

তারিখ:-

১৩ আশ্বিন, ১৪৩৩ ব.


২৮ সেপ্টেম্বর, ২০২৬খ্রি.

বিষয়:- আউটসোর্সিং পদ্ধতিতে সেবা ক্রয়ের বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় যুব উন্নয়ন আউটসোর্সিং পদ্ধতিতে সেবা ক্রয়ের বিজ্ঞপ্তিটি আগামী ২৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখ মঙ্গলবার আপনার বহল প্রচারিত পত্রিকায় ভিতরের পাতায় ক্ষুদ্রতম জায়গায় ০১(এক) দিন প্রতিটি সংস্করণে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। সরকারি বিধি মোতাবেক বিল পরিশোধ করা হবে। সে প্রেক্ষিতে ০২(দুই) কপি মূল পত্রিকাসহ বিল মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: দরপত্র বিজ্ঞপ্তি -১(এক) কপি।

সম্পাদক
যুগান্তর
ঢাকা।


২৪.০৭.২০২৬
মোঃ আলমগীর কবির
সহকারী পরিচালক
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট



স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৪৫.১০৫.২১(অংশ-১) ২৫০২

তারিখ:- ১৩ আশ্বিন, ১৪৩৩ ব.
২৮ সেপ্টেম্বর ২০২৬খ্রি.

আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয় বিজ্ঞপ্তি

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের জন্য অর্থ বিভাগের আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ ও অর্থ মন্ত্রণালয়ের ২১-০৯-২০২৬ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.১৯-৭৭৩; নং স্মারকের পরিপত্র অনুযায়ী সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে নিম্নবর্ণিত ক্যাটাগরি ও শর্তসাপেক্ষে সেবাসমূহ ক্রয়ের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আগ্রহপত্র/দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সেবামূল্য	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	মালি/গার্ডেনার(বাগানকর্মী) (ক্যাটাগরি-৪) ১৭,১০৮/-	১টি	প্রয়োজন নেই	সংশ্লিষ্ট কাজের (কমপক্ষে ০১ বছর) অভিজ্ঞতা থাকতে হবে।
২	রুম এটেন্ডেন্ট (ক্যাটাগরি-৫) ১৬,৬৭৩/-	৪টি	৮ম শ্রেণী	প্রয়োজন নেই।
৩	ক্লিনার/পরিচ্ছন্নতাকর্মী (ক্যাটাগরি-৫) ১৬,৬৭৩/-	৮টি	প্রয়োজন নেই	প্রয়োজন নেই।
৪	অদক্ষ শ্রমিক (ক্যাটাগরি-৫) ১৬,৬৭৩/-	২টি	প্রয়োজন নেই	প্রয়োজন নেই।
৫	প্লাম্বার (ক্যাটাগরি-২) ১৭,৯৯২/-	২টি	প্রয়োজন নেই	সংশ্লিষ্ট কাজের (কমপক্ষে ০১ বছর) অভিজ্ঞতা থাকতে হবে।
৬	বাবুর্চি (কুক) (ক্যাটাগরি-৪) ১৭,১০৮/-	২টি	প্রয়োজন নেই	সংশ্লিষ্ট কাজের (কমপক্ষে ০১ বছর) অভিজ্ঞতা থাকতে হবে।
৭	সহকারী বাবুর্চি (ক্যাটাগরি-৫) ১৬,৬৭৩/-	২টি	প্রয়োজন নেই	সংশ্লিষ্ট কাজের (কমপক্ষে ০১ বছর) অভিজ্ঞতা থাকতে হবে।

নিয়োগের শর্তাবলি:

- ০১। আবেদনপত্র ১২ অক্টোবর ২০২৬ তারিখে বিকাল ৩.০০ টার মধ্যে রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বরাবর সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে।
- ০২। আবেদন পত্রের সাথে সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি, নিবন্ধিত মোবাইল নম্বর এবং যথাযথ কর্তৃপক্ষের নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে।
- ০৩। বয়সসীমা: বর্ণিত পদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৬০ বছর (আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী)।
- ০৪। সেবা ক্রয়ের মেয়াদ ০১ নভেম্বর ২০২৬ অথবা চুক্তির তারিখ হতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত কার্যকর থাকবে।
- ০৫। অসদাচরণ বা কর্মে অবহেলা করলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চুক্তি বাতিল করা যাবে।
- ০৬। আউটসোর্সিং সেবাকর্মীগণ ইনস্টিটিউটের কোন স্থায়ী পদে নিয়োগের জন্য অগ্রাধিকার পাবে না।
- ০৭। সেবা ক্রয়ের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- ০৮। প্রযোজ্য ক্ষেত্রে আগ্রহী প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯। প্রযোজ্য ক্ষেত্রে আগ্রহী প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমে জানানো হবে এবং বিস্তারিত তথ্য www.niyd.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ১০। ইতঃপূর্বে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাপ্রদানকৃত সেবাকর্মীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ১১। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবে না।
- ১২। সর্বক্ষেত্রে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ ও সংশোধিত ২০২৬ এর শর্তাবলি অনুসরণ করা হবে।
- ১২। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ মনোয়ার হোসেন
রেজিস্ট্রার (যুগ্মসচিব)

ফোন:- ০২-২২৪৪২৬০৩২

ই-মেইল- registrar@niyd.gov.bd